



# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব বিভাগ

পরিপত্র নং: ২৩/২০১৮

তারিখ: ১৯.১২.২০১৮ খ্রি:

বিষয় : প্রবাসী কল্যাণ ব্যাংকের ২০১৮-১৯ অর্থ বছরের অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী সংক্রান্ত পরিপত্র।

বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন বিভাগের গত ১৮.১২.২০১৮ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং- ২৬ এর নির্দেশনা অনুযায়ী (কপি সংযুক্ত) আগামী ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক এ ব্যাংকের ২০১৮-১৯ অর্থ বছরের অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী ২৯.১২.২০১৮ তারিখে সম্পন্ন করতে হবে। ব্যাংকের প্রচলিত হিসাব খাত অনুযায়ী ২৯.১২.২০১৮ তারিখে “সমাপনী উত্তর” আর্থিক বিবরণীসমূহ সংরক্ষণ করতে হবে।

২.০ হিসাব সমাপনের কাজ যথাযথ ও নির্ভুলভাবে সম্পাদনের সুবিধার্থে কিছু দিক নির্দেশনা দেয়া হলো :

২.১ সঞ্চয়ী ও স্টাফ ডিপোজিট আমানতঃ সকল সঞ্চয়ী ও স্টাফ ডিপোজিট আমানত হিসাবে প্রতি মাসের সর্বনিম্ন স্থিতির উপর ০১.০৭.২০১৮ হতে ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত ৩% হারে সুদ প্রদান করতে হবে। সর্বনিম্ন ১০০.০০ (একশত) টাকা বা তদুর্ধ্ব যে কোন অংকের আমানতের স্থিতির উপর সুদ প্রদান করতে হবে। সুদ পূর্ণ টাকায় প্রদান করতে হবে এবং এক টাকার কম হলে সুদ হিসাবভুক্ত করা যাবে না। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
আমানতের উপর প্রদত্ত সুদ (৪০০০৯০২০১)		সঞ্চয়ী/স্টাফ ডিপোজিট আমানত (২০০০৪০১০০) প্রদেয় হিসাব (উৎসে কর) (২০০০৪১০০৩)

ব্যাংকিং সফটওয়্যারে ২৯.১২.২০১৮ তারিখে অটো সুদ হিসাবায়ন হবে বিধায় শাখাসমূহ সফটওয়্যারের Reports মডিউলে গিয়ে Interest Charge list (Savings/Staff Deposit) প্রিন্ট করে উপরোল্লিখিত নিয়মে ভাউচার করতে হবে। উৎসে কর প্রধান কার্যালয় কর্তৃক জমা প্রদান করা হবে বিধায় ২৯.১২.২০১৮ তারিখে উৎসে কর সফটওয়্যারে পোষ্টিং এর মাধ্যমে প্রধান কার্যালয়ে স্থানান্তর করে ভাউচার করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
প্রদেয় হিসাব (উৎসে কর) (২০০০৪১০০৩)		আন্তঃব্যাংক হিসাব (প্র: কা:) (১৯৯৯৯৯৯৯)

২.২ সঞ্চয়ী আমানত ও স্টাফ ডিপোজিট হিসাবে উদ্বৃত্তের উপরে প্রদত্ত সুদ হতে উৎসে কর কর্তন :

(ক) ০১.০৭.২০১৮ হতে ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত সময়ে গ্রাহকের হিসাবে সুদ প্রদানকালে নিম্নোক্ত ক্ষেত্রে প্রদত্ত সুদের উপর ১০% বা ১৫% হারে উৎসে কর কর্তন করতে হবে-

❖ যে সব গ্রাহকের করদাতা সনাক্তকরণ (টিআইএন) নম্বর রয়েছে এবং তাদের সংশ্লিষ্ট কর সার্কেল হতে ইস্যুকৃত টিআইএন সনদপত্র বা রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র ব্যাংকে দাখিল করেছেন সেক্ষেত্রে ১০%।

(খ) ০১.০৭.২০১৮ হতে ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত সময়ে গ্রাহকের হিসাবে সুদ প্রদানকালে নিম্নোক্ত ক্ষেত্রে প্রদত্ত সুদের উপর ১৫% হারে উৎসে কর কর্তন করতে হবে-

▪ যে সব গ্রাহকের করদাতা সনাক্তকরণ (টিআইএন) নম্বর নাই বা সংশ্লিষ্ট কর সার্কেল হতে ইস্যুকৃত টিআইএন সনদপত্র বা রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র ব্যাংকে দাখিল করেন নাই সেক্ষেত্রে ১৫%।

২.৩ পিডিএস : ঋণ গ্রহীতা বা ঋণ গ্রহীতা ব্যতিত যে সকল ব্যক্তি পিডিএস স্কীমের আওতায় হিসাব পরিচালনা করছেন তাদের হিসাবের বিপরীতে প্রতি মাসের স্থিতির উপর প্রচলিত হারে সুদ প্রদান করতে হবে। সুদ পূর্ণ টাকায় প্রদান করতে হবে এবং এক টাকার কম হলে সুদ হিসাবভুক্ত করা যাবে না। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
আমানতের উপর প্রদত্ত সুদ (৪০০০২০৯০১)		পিডিএস (২০০০৪০৩০০) প্রদেয় হিসাব (উৎসে কর) (২০০০৪১০০৬)

২.৪ পিডিএস হিসাবে প্রদত্ত সুদের উপর উৎসে কর কর্তন :

▪ ০১.০৭.২০১৮ হতে ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত সময়ে গ্রাহকের হিসাবে সুদ প্রদানকালে নিম্নোক্ত ক্ষেত্রে প্রদত্ত সুদের উপর ১০% বা ১৫% হারে উৎসে কর কর্তন করতে হবে-

অ) যে সব গ্রাহকের করদাতা সনাক্তকরণ (টিআইএন) নম্বর রয়েছে এবং তাদের সংশ্লিষ্ট কর সার্কেল হতে ইস্যুকৃত টিআইএন সনদপত্র বা রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র ব্যাংকে দাখিল করেছেন সেক্ষেত্রে ১০%।

*Post* *JAK* *2*



# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

## কেন্দ্রীয় হিসাব বিভাগ

- ০১.০৭.২০১৮ হতে ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত সময়ে গ্রাহকের হিসাবে সুদ প্রদানকালে নিম্নোক্ত ক্ষেত্রে প্রদত্ত সুদের উপর ১৫% হারে উৎস কর কর্তন করতে হবে-
  - অ) যে সব গ্রাহকের করদাতা সনাক্তকরণ (টিআইএন) নম্বর নাই বা তাদের সংশ্লিষ্ট কর সার্কেল হতে ইস্যুকৃত টিআইএন সনদপত্র বা রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র ব্যাংকে দাখিল করেন নাই তাদের ক্ষেত্রে ১৫%।

ব্যাংকিং সফটওয়্যারে ২৭.১২.২০১৮ তারিখে অটো সুদ হিসাবায়ন হবে বিধায় শাখাসমূহ সফটওয়্যারের Report মডিউলে গিয়ে Source Tax প্রিন্ট করে উপরোল্লিখিত নিয়মে ভাউচার করতে হবে। উৎস কর প্রধান কার্যালয় কর্তৃক জমা প্রদান করা হবে বিধায় ২৭.১২.২০১৮ তারিখে উৎস কর সফটওয়্যারে পোস্টিং এর মাধ্যমে প্রধান কার্যালয়ে স্থানান্তর করে নিম্নরূপ ভাউচার করতে হবেঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
প্রদেয় হিসাব (উৎস কর) (২০০০৪১০০৬)		আন্তঃব্যাংক লেনদেন হিসাব (প্রধান কার্যালয়) (১৯৯৯৯৯৯৯৯)

২.৫ মেয়াদী আমানত হিসাব : অত্র ব্যাংকে যে সকল ব্যক্তি/প্রতিষ্ঠানের নামে মেয়াদী আমানত হিসাব পরিচালিত হচ্ছে সে সকল মেয়াদী আমানতের উপর ৩১.১২.২০১৮ পর্যন্ত প্রযোজ্য হারে সুদ হিসাব করে প্রভিশন অনুযায়ী সুদ প্রদান করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
আমানতের উপর প্রদত্ত সুদ (৪০০০৯০২০১)		প্রদেয় সুদ হিসাব (২০০০৮০০০৬) (Interest Payable) (সংশ্লিষ্ট মেয়াদী আমানত হিসাব)

২.৬ বিনিয়োগ হিসাব : যে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে অত্র ব্যাংকের নামে এফডিআর খোলা রয়েছে, তবে ৩১.১২.২০১৮ তারিখে হিসাব সুদ হিসাবভুক্ত করা হয়নি সে সকল এফডিআরের বিপরীতে ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত অর্জিত সুদ হিসাবায়নপূর্বক নিম্নরূপ ভাউচার করতে হবে-

ডেবিট	বিবরণ	ক্রেডিট
অর্জিত সুদ (১০০০৮৬০০৯)		মেয়াদী আমানতের উপর প্রাপ্ত সুদ আয় (৩০০০২১০০১)

প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় ট্রেজারী বিভাগকে যে সকল ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে এফডিআর রক্ষিত আছে তাদের থেকে এফডিআরের বিবরণী ২৭.১২.২০১৮ তারিখের মধ্যে সংগ্রহ করে কেন্দ্রীয় হিসাব বিভাগে জমা দিতে হবে।

৩.০ ঋণ ও অগ্রিমঃ

৩.১ অভিবাসী ঋণ হিসাব : এতদ্বিষয়ে পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত ঋণ বিতরণ গাইডলাইনে উল্লেখিত বিষয় অনুসরণ করতে হবে। এক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগের গত ১৫.১১.২০১৮ তারিখে জারীকৃত পরিপত্র নং- ২৮/২০১৮ অনুসরণ পূর্বক সুদ হিসাবায়ন করতে হবে। এছাড়া মেয়াদোত্তীর্ণ ঋণের উপর অতিরিক্ত ৩% হারে সুদ হিসাবায়ন করতে হবে। যে সকল ঋণ সম্পূর্ণ আদায় হয়েছে কিন্তু বন্ধ করা হয়নি সেই সকল ঋণ ২৭.১২.১৮ তারিখের মধ্যে বন্ধ করতে হবে নতুবা সুদ চার্জ হবে। সকল শাখায় নিয়োজিত ব্যবস্থাপকগণ ঋণের বিপরীতে দায়েরকৃত মামলার তালিকা অনুযায়ী সুদ চার্জ বন্ধকরণের বিষয়টি নিশ্চিত করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
অভিবাসী ঋণ হিসাব (১০০০৪১০০০)		অভিবাসী ঋণের উপর সুদ (৩০০০১১০০১)

ব্যাংকিং সফটওয়্যারে ২৭.১২.২০১৮ তারিখে অটো সুদ হিসাবায়ন হবে বিধায় শাখাসমূহ সফটওয়্যারের Reports মডিউলে গিয়ে Interest Charge list (Migration Loan) প্রিন্ট করে উপরোল্লিখিত নিয়মে ভাউচার করবে। আবগারী শুল্ক প্রধান কার্যালয় কর্তৃক জমা প্রদান করা হবে বিধায় ২৭.১২.২০১৮ তারিখে আবগারী শুল্ক সফটওয়্যারে পোস্টিং এর মাধ্যমে প্রধান কার্যালয়ে স্থানান্তর করে নিম্নরূপ ভাউচার করতে হবে।

ডেবিট	বিবরণ	ক্রেডিট
আবগারী শুল্ক (২০০০৪১০০৭)		আন্তঃব্যাংক হিসাব (প্র: কা:) (১৯৯৯৯৯৯৯৯)



# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব বিভাগ

উল্লেখ্য, ২৭.১২.২০১৮ তারিখের মধ্যে ০১.১০.২০১৮ - ২৭.১২.২০১৮ পর্যন্ত বিতরণকৃত ঋণের **Loan Sanction Date, Expiry Date** এবং **1<sup>st</sup> Installment Date** সঠিক আছে কিনা তা পরীক্ষা পূর্বক নিশ্চিত হওয়ার জন্য নির্দেশনা দেয়া হলো।

৩.২ পূর্ণবাসন ঋণ হিসাব : এতদ্বিষয়ে পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত ঋণ বিতরন গাইডলাইনে উল্লেখিত বিষয় অনুসরণ করতে হবে। এক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগের গত ১৫.১১.২০১৮ তারিখে জারীকৃত পরিপত্র নং- ২৮/২০১৮ অনুসরণ পূর্বক সুদ হিসাবায়ন করতে হবে। এছাড়া মেয়াদোত্তীর্ণ ঋণের উপর অতিরিক্ত ৩% হারে সুদ হিসাবায়ন করতে হবে। সকল শাখায় নিয়োজিত ব্যবস্থাপকগণ ঋণের বিপরীতে দায়েরকৃত মামলার তালিকা অনুযায়ী সুদ চার্জ বন্ধকরণের বিষয়টি নিশ্চিত করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
পূর্ণবাসন ঋণ হিসাব (১০০০৪২০০০)		পূর্ণবাসন ঋণের উপর প্রাপ্ত সুদ (৩০০০১১০০২)

বাংকিং সফটওয়্যারে ২৭.১২.২০১৮ তারিখে অটো সুদ হিসাবায়ন হবে বিধায় শাখাসমূহ সফটওয়্যারের Reports মডিউলে গিয়ে Interest Charge list (Rehabilitation Loan) প্রিন্ট করে উপরোল্লিখিত নিয়মে ভাউচার করবে। আবগারী শুল্ক প্রধান কার্যালয় কর্তৃক জমা প্রদান করা হবে বিধায় ২৭.১২.২০১৮ তারিখে আবগারী শুল্ক সফটওয়্যারে পোস্টিং এর মাধ্যমে প্রধান কার্যালয়ে স্থানান্তর করে নিম্নরূপ ভাউচার করতে হবে :

ডেবিট	বিবরণ	ক্রেডিট
আবগারী শুল্ক (২০০০৪১০০৭)		আন্তঃব্যাংক লেনদেন হিসাব (প্র: কা:) (১৯৯৯৯৯৯৯৯)

উল্লেখ্য, ২৭.১২.২০১৮ তারিখের মধ্যে ০১.১০.২০১৮ - ২৭.১২.২০১৮ পর্যন্ত বিতরণকৃত ঋণের **Loan Sanction Date, Expiry Date** এবং **1<sup>st</sup> Installment Date** সঠিক আছে কিনা তা পরীক্ষা পূর্বক নিশ্চিত হওয়ার জন্য নির্দেশনা দেয়া হলো।

৩.৩ মটরসাইকেল ঋণ হিসাব : এতদ্বিষয়ে পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত ঋণ বিতরন গাইডলাইনে উল্লেখিত বিষয় অনুসরণ করতে হবে। এক্ষেত্রে মটর সাইকেল ঋণের স্থিতির উপর ফ্ল্যাট রেটে ৫% হারে সুদ হিসাবায়ন করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
মটরসাইকেল ঋণ হিসাব (১০০০৪৩০০০)		মটর সাইকেল ঋণের উপর প্রাপ্ত সুদ (৩০০০১১০০৩)

বাংকিং সফটওয়্যারে ২৭.১২.২০১৮ তারিখে অটো সুদ হিসাবায়ন হবে বিধায় শাখাসমূহ সফটওয়্যারের Reports মডিউলে গিয়ে Interest Charge list (Motor Cycle Loan) প্রিন্ট করে উপরোল্লিখিত নিয়মে ভাউচার করবে। আবগারী শুল্ক প্রধান কার্যালয় কর্তৃক জমা প্রদান করা হবে বিধায় ২৭.১২.২০১৮ তারিখে আবগারী শুল্ক সফটওয়্যারে পোস্টিং এর মাধ্যমে প্রধান কার্যালয়ে স্থানান্তর করে নিম্নরূপ ভাউচার করতে হবে :

ডেবিট	বিবরণ	ক্রেডিট
আবগারী শুল্ক (২০০০৪১০০৭)		আন্তঃব্যাংক লেনদেন হিসাব (প্র: কা:) (১৯৯৯৯৯৯৯৯)

উল্লেখ্য, ২৭.১২.২০১৮ তারিখের মধ্যে ০১.১০.২০১৮ - ২৭.১২.২০১৮ পর্যন্ত বিতরণকৃত ঋণের **Loan Sanction Date, Expiry Date** এবং **1<sup>st</sup> Installment Date** সঠিক আছে কিনা তা পরীক্ষা পূর্বক নিশ্চিত হওয়ার জন্য নির্দেশনা দেয়া হলো।

৩.৪ অভিবাসন ও পূর্ণবাসন ঋণের স্থগিত সুদ হিসাব স্থানান্তর : গত ২৭.০৬.২০১৬ তারিখ হতে ৩০.০৯.২০১৮ পর্যন্ত যে সকল ঋণ হিসাব শ্রেণীকৃত হয়েছে সেই সকল ঋণ হিসাব হতে সুদ বাবদ যে পরিমাণ অর্থ Interest Suspense/স্থগিত সুদ হিসাবে অন্তর্ভুক্ত আছে সংশ্লিষ্ট শ্রেণীকৃত ঋণ হিসাব সমূহ হতে উক্ত পরিমাণ বা তার অধিক পরিমাণ অর্থ বিগত সময়ে আদায় করা হলে শ্রেণীকৃত সময়ে জমাকৃত স্থগিত সুদ হিসাব/Interest Suspense হতে সুদ আয় খাতে ২৭.১২.২০১৮ তারিখের মধ্যে স্থানান্তর নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে অভিবাসন ও পূর্ণবাসন ঋণ হিসাবের স্থগিত সুদ হিসাব স্থানান্তরের পোস্টিং ও ভাউচার প্রস্তুত নিয়মাবলী নিম্নে দেওয়া হলো:



## প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব বিভাগ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
অভিবাসন ঋণ স্থগিত সুদ হিসাব (200050201) Migration Loan		অভিবাসন ঋণের সুদ (300011001) Interest on Migration Loan
পুনর্বাসন ঋণ স্থগিত সুদ হিসাব (200050202) Rehabilitation Loan		পুনর্বাসন ঋণের সুদ (300011002) Interest on Rehabilitation Loan

এ বিষয়ে স্ব স্ব শাখা ব্যবস্থাপকগণ উপরোক্ত বিষয়টি নিশ্চিত করবেন।

### ৪.০ সার্ভিসিং ব্যাংকে সংরক্ষিত হিসাবের বিপরীতে প্রাপ্ত সুদ ও কর্তনকৃত উৎসে করের বিবরণী :

০১.০৭.২০১৮ হতে ২৭.১২.২০১৮ তারিখ পর্যন্ত শাখার নামে সার্ভিসিং ব্যাংকে সংরক্ষিত এসটিডি হিসাবের বিপরীতে প্রাপ্ত সুদ শাখার আয় খাতে হিসাবভুক্ত করতে হবে। হিসাব সমাপনীর তারিখে সংশ্লিষ্ট ব্যাংক হতে পরিচালিত এসটিডি হিসাবের স্থিতি নিশ্চিতকরণ সার্টিফিকেট সংগ্রহ করে তা ব্যাংকিং সফটওয়্যারের Back Office মডিউলের Account Statement এ Balance with other Bank এর সাথে মিলাতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট ব্যাংকের সহিত যোগাযোগ করে ২৭.১২.২০১৮ তারিখেই গরমিল সমন্বয় করতে হবে। এসটিডি হিসাবে কর্তনকৃত আবগারী শুল্ক (যদি কর্তন করে থাকে) শাখার খরচখাতে হিসাবভুক্ত করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
ব্যাংক হিসাব (১০০০২০০০০)		এসটিডি হিসাবের সুদ (৩০০০২১০০২)
অগ্রপ্রদত্ত আয়কর (১০০০৭২১০০)		ব্যাংক হিসাব (১০০০২০০০০)
কর ও অভিকর (৪০০০৮০৯৫০)		ব্যাংক হিসাব (১০০০২০০০০)
কমিশন বাবদ খরচ (ব্যয় হিসাব) ৪০০০৬০১০১)		ব্যাংক হিসাব (১০০০২০০০০)

অগ্রপ্রদত্ত আয়করের স্থিতি প্রধান কার্যালয়ে প্রেরণে নিম্নরূপ ভাউচার প্রস্তুত করে প্রেরণ করতে হবে :

ডেবিট	বিবরণ	ক্রেডিট
আন্তঃব্যাংক লেনদেন হিসাব (প্র: কা:) (১৯৯৯৯৯৯৯৯)		অগ্রপ্রদত্ত আয়কর (১০০০৭২১০০)

উল্লেখ্য, শাখায় পরিচালিত এসটিডি হিসাবের ২৭.১২.২০১৮ তারিখের সর্বশেষ ব্যাংক স্টেটমেন্ট সার্ভিসিং ব্যাংকের ব্যবস্থাপকের সত্যায়ন পূর্বক পরবর্তী মাসের অর্থাৎ ০৬.০১.২০১৯ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৫.০ মুদ্রিত স্টেশনারী : প্রধান কার্যালয়ের সাধারণ সেবা বিভাগ এবং সকল শাখার শাখা ব্যবস্থাপক কর্তৃক ০১.০৭.২০১৮ তারিখ হতে ২৭.১২.২০১৮ তারিখ পর্যন্ত মুদ্রিত স্টেশনারী দ্রব্যাদির ব্যবহৃত সকল খরচ হিসাবভুক্ত করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
মুদ্রিত স্টেশনারী ব্যয় (৪০০০৫০৪০১)		মুদ্রিত স্টেশনারী ও সরবরাহ (১০০০২৫০০১)

৬.০ সিকিউরিটি স্টেশনারী : প্রধান কার্যালয়ের সাধারণ সেবা বিভাগ এবং সকল শাখার শাখা ব্যবস্থাপক কর্তৃক ০১.০৭.২০১৮ তারিখ হতে ২৭.১২.২০১৮ তারিখ পর্যন্ত সিকিউরিটি স্টেশনারী দ্রব্যাদির ব্যবহৃত সকল খরচ হিসাবভুক্ত করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
সিকিউরিটি স্টেশনারী ব্যয় (৪০০০৫০৪০২)		সিকিউরিটি স্টেশনারী ও সরবরাহ (১০০০২৫০০২)

*[Handwritten signatures and initials]*



# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব বিভাগ

## ৭.০ প্রদেয় হিসাব :

প্রদেয় খাতে রক্ষিত অনিল্পন এন্ট্রিসমূহ সমাপনী তারিখের মধ্যেই নিল্পনের পদক্ষেপ নিতে হবে।

## ৮.০ আদায়যোগ্য হিসাব :

আদায়যোগ্য খাতের অনিল্পন এন্ট্রিসমূহ সমাপনী তারিখের মধ্যেই নিল্পনের পদক্ষেপ নিতে হবে। এক্ষেত্রে সকল শাখা ব্যবস্থাপকগণ এ মর্মে নিশ্চিত হবেন যে, শাখায় যে সকল অগ্রিম বা পুনর্ভরণ অনুমোদনের প্রয়োজন আছে তা অবশ্যই ২৭.১২.২০১৮ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত পূর্বক অবশ্যই অনুমোদন গ্রহণ করতে হবে।

## ৯.০ ডিসেম্বর ২০১৮ মাসের বেতন-ভাতাদি ও লাঞ্চ ভাতাঃ

ব্যাংকের প্রধান কার্যালয় এবং সকল শাখায় কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি ২০.১২.২০১৮ তারিখে প্রদান করতে হবে এবং ২৭.১২.২০১৮ তারিখে লাঞ্চ ভাতা প্রদান করতে হবে। বেতন প্রদানের পর পরই সাধারণ ভবিষ্য তহবিলের কর্তনকৃত চাঁদা, সুপার্যানুয়েশন খাতের চাঁদা এবং কর্মী কল্যাণ তহবিলের চাঁদা, বেতন হতে আয়কর কর্তনের অর্থ তালিকাসহ ২০.১২.২০১৮ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।

দৈনিক ভিত্তিতে নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীদের প্রাপ্য বেতন হিসাব সমাপনী অর্থাৎ ২৭.১২.২০১৮ তারিখে প্রস্তুত করে বিতরণ করতে হবে। এক্ষেত্রে নিম্নরূপ ভাউচার প্রস্তুতপূর্বক সফটওয়্যারে পোস্টিং দিতে হবেঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
দৈনিক ভিত্তিক কর্মকর্তার বেতন (৪০০০২৪০০০)		সংশ্লিষ্ট ব্যাংক হিসাব (১০০০২০০০০)
দৈনিক ভিত্তিক পিয়ন/গার্ডের মজুরী (৪০০০২৩০০০)		

## ১০.০ ভবন ভাড়া :

১০.১ প্রধান কার্যালয় ও যে সকল শাখা ভাড়া কৃত ভবনে অবস্থিত সে সকল শাখা ও প্রধান কার্যালয়ের ভবন ভাড়া ২০.১২.২০১৮ তারিখের মধ্যে সাধারণ সেবা বিভাগ কর্তৃক প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০.২ উৎসে ভ্যাট/আয়কর ও আবগারী শুল্ক স্থানান্তরঃ শাখাসমূহ ভবন ভাড়া/সরবরাহকারীর বিল হতে কর্তনকৃত ভ্যাট ও উৎসে কর এবং আমানতের উপর সুদের উপর কর্তনকৃত উৎসে কর এবং ঋণের উপর আবগারী শুল্ক এবং কর্মকর্তাদের বেতন হতে কর্তনকৃত আয়কর আগামী ২০.১২.১৮ তারিখের মধ্যে নিম্নরূপ ভাউচারের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ ২৪.১২.২০১৮ তারিখের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
ভ্যাট (২০০০৪১০০৪)		আন্তঃব্যাংক (প্র: কা:) (১৯৯৯৯৯৯৯৯)
উৎসে কর (২০০০৪১০০৩)		আন্তঃব্যাংক (প্র: কা:) (১৯৯৯৯৯৯৯৯)
আবগারী শুল্ক (২০০০৪১০০৭)		আন্তঃব্যাংক (প্র: কা:) (১৯৯৯৯৯৯৯৯)
বেতন ভাতা হতে কর্তনকৃত আয়কর (২০০০৪১০০৫)		আন্তঃব্যাংক (প্র: কা:) (১৯৯৯৯৯৯৯৯)

## ১১.০ ঋণ বাঁকি আচ্ছাদন স্কীম :

ঋণ বিতরণের সময় ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণ বাঁকি আচ্ছাদন স্কীমের জন্য গৃহীত চাঁদা ২৭.১২.২০১৮ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে নিম্নরূপ ভাউচার করতে হবেঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
ঋণ বাঁকি আচ্ছাদন স্কীম (২০০০৮০০০৭)		আন্তঃব্যাংক (প্র: কা:) (১৯৯৯৯৯৯৯৯)

## ১২.০ হিসাব সমাপনী দিনে হালকা ভোজন ও যাতায়াত খরচ :

সকল রাষ্ট্রীয়ান্ত্র ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে ক্লোজিং ভাতা প্রদান করা হয়। অত্র ব্যাংকে কর্মরত সকল নিয়মিত কর্মকর্তা ও কর্মচারীকে হিসাব সমাপনী দিনে অফিসে অতিরিক্ত সময় কাজ করার জন্য হালকা ভোজন ভাতা এবং যাতায়াত খরচ বাবদ-মোট ১,০০০/- (এক হাজার) টাকা ২৭.১২.২০১৮ তারিখে প্রদান করতে হবে। উক্ত ব্যয় ক্লোজিং ভাতা খাতে হিসাবভুক্ত হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
ক্লোজিং ভাতা (৪০০০১০০২৪)		সংশ্লিষ্ট ব্যাংক হিসাব (১০০০২০০০০)

*[Handwritten signatures and marks]*



## প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।



কেন্দ্রীয় হিসাব বিভাগ

১৩.০ সকল শাখা ব্যবস্থাপক ও কেন্দ্রীয় হিসাব বিভাগ হিসাব সমাপনীর পূর্বে এই মর্মে নিশ্চিত হবেন যে,

- (ক) বর্ণিত সার্কুলার অনুযায়ী সকল হিসাবায়ন কার্যাদি সম্পাদন করা হয়েছে ;
- (খ) ঋণ ও সম্বন্ধী আমানত হিসাবের সুদ ব্যাংকের প্রচলিত নিয়মে ধার্য/নির্ণয় করা হয়েছে;
- (গ) সার্ভিসিং ব্যাংক কর্তৃক এসএনডি হিসাবে সঠিক ভাবে সুদ প্রদান করা হয়েছে এবং ব্যাংক স্থিতি সঠিক আছে;
- (ঘ) বিভিন্ন উৎসে কর ও ভ্যাট কর্তন সঠিক আছে;
- (ঙ) সকল আদায়যোগ্য আদায় এবং সঠিকভাবে হিসাবভুক্ত করা হয়েছে;
- (চ) স্টেশনারী দ্রব্য সঠিকভাবে গনণাপূর্বক খরচ নির্ণয় করা হয়েছে;
- (ছ) ঋণ হিসাব ও আমানত হিসাবের ব্যালেন্সিং করা হয়েছে;
- (জ) সকল হিসাব বই/লেনদেন বই ইত্যাদি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত হয়েছে;
- (ঝ) ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত শ্রেণীকরণ ও প্রভিশনিং নির্ভুলভাবে সম্পন্ন হয়েছে;

বিঃদ্রঃ বর্তমানে সকল হিসাব কার্য সফটওয়্যারের মাধ্যমে পরিচালিত হচ্ছে বিধায় আর্থিক বিবরণীসমূহ পিকেবি সফটওয়্যার হতে প্রিন্ট করে যথাযথ ফাইলে সংরক্ষণ করতে হবে।

উপরোক্ত নির্দেশনা মোতাবেক ২০১৮-১৯ অর্থ বছরের অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী সঠিকভাবে পরিপালনের জন্য নির্দেশনা দেয়া হলো। এ বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

  
19.12.18  
(মো: রায়হান সোহেল, এসিএমএ)  
এভিপি ও বিভাগীয় প্রধান  


শাখা ব্যবস্থাপক (সকল)  
প্রবাসী কল্যাণ ব্যাংক

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪. মহাব্যবস্থাপক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৫. আইটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. অফিস কপি।